

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
শৃঙ্খলা বিষয়ক শাখা  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

স্মারক নং-৩৭.০০.০০০০.০৯৫.২৭.০৪২.২০২২. ১৫৪


তারিখ: ২২ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ  
০৫ এপ্রিল ২০২৩ খ্রিষ্টাব্দ

**অভিযোগনামা**

যেহেতু, আপনি ড. ছদরুদ্দিন আহমদ, অধ্যক্ষ, সরকারি মুজিব কলেজ, সখিপুর, টাঙ্গাইল এর বিরুদ্ধে উক্ত কলেজের ১৭ (সতেরো) টি ডেস্কটপ ও ০২ (দুই) টি ল্যাপটপসহ বঙ্গমাতা ফজিলাতুন্নেছা কম্পিউটার ল্যাব ধ্বংস করে ডাইনিং ও ডেকোরেটেড বাসস্থান বানিয়ে বসবাস এবং কলেজ চত্বরের গাছ কর্তন করে টাকা আত্মসাত করেছেন মর্মে তদন্তে প্রমাণিত হয়েছে;

যেহেতু, প্রজাতন্ত্রের একজন দায়িত্বশীল সরকারি কর্মকর্তা হিসেবে আপনার উক্তরূপ কার্যকলাপ সরকারি কর্মচারী শৃঙ্খলা ও আচরণ বিধি পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(ঘ) বিধি মোতাবেক “অসদাচরণ” ও “দুর্নীতি” অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, উপর্যুক্ত অপরাধে আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(ঘ) বিধি মোতাবেক “অসদাচরণ” ও “দুর্নীতি” এর অভিযোগে অভিযুক্ত করা হলো। একই বিধিমালা ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী কেন আপনার উপর “চাকরি হতে বরখাস্তকরণ” অথবা অন্য কোন উপযুক্ত দণ্ড প্রদান করা হবে না তা এ অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য বলা হলো। আত্মপক্ষ সমর্থনে আপনি ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের ইচ্ছা পোষণ করেন কিনা তাও নির্ধারিত সময়ের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য অনুরোধ করা হলো। যে অভিযোগ বিবরণীর উপর ভিত্তি করে এ অভিযোগনামা প্রণীত হয়েছে তা এ সাথে সংযুক্ত করা হলো।

  
০৫/৪/২৩  
(সোলেমান খান)  
সচিব

সংযুক্তি: অভিযোগবিবরণী।

**স্থায়ী ঠিকানা:**

ড. ছদরুদ্দিন আহমদ  
পিতা: মো: ওসমান গণি  
গ্রাম- কলেজ পাড়া, সখিপুর  
থানা: সখিপুর, জেলা: টাঙ্গাইল।

**বর্তমান কর্মস্থল:**

ড. ছদরুদ্দিন আহমদ  
অধ্যক্ষ  
সরকারি মুজিব কলেজ, সখিপুর, টাঙ্গাইল।

**অনুলিপি:**


১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

## অভিযোগবিবরণী

ড. ছদরুদ্দিন আহমদ, অধ্যক্ষ, সরকারি মুজিব কলেজ, সখিপুর, টাঙ্গাইল এর বিরুদ্ধে উক্ত কলেজের ১৭ (সতেরো) টি ডেস্কটপ ও ০২ (দুই) টি ল্যাপটপসহ বঙ্গমাতা ফজিলাতুন্নেছা কম্পিউটার ল্যাব ধ্বংস করে ডাইনিং ও ডেকোরেটেড বাসস্থান বানিয়ে বসবাস এবং কলেজ চত্বরের গাছ কর্তন করে টাকা আত্মসাত করেছেন মর্মে তদন্তে প্রমাণিত হয়েছে;

ড. ছদরুদ্দিন আহমদ, অধ্যক্ষ, সরকারি মুজিব কলেজ, সখিপুর, টাঙ্গাইল এর উক্তরূপ কার্যকলাপ আচরণ বিধি পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও (ঘ) বিধি মোতাবেক “অসদাচরণ” ও “দুর্নীতি” অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ।

  
(সোলেমান খান)  
সচিব